# প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায)

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

জামাআতে দাঁড়ানোর পদ্ধতি - ৩০. কতজন হলে জামাত হয়? এবং মুক্তাদী

ইমামের সাথে কমপক্ষে একজন হলেই জামাত হয়, এমনকি শিশু হলেও। সে ক্ষেত্রে মুক্তাদী দাড়াবে ইমামের ডান পাশে।

(ক) ইবনে আব্বাস (রা.) বলেন, এক রাতে আমার খালা (রাসূলের স্ত্রী) মায়মুনার বাড়িতে রাত কাটিয়েছিলাম। সে রাতে রাসূল (স.)-এর সাথে জামাত করার জন্য আমি তার বাম পাশে গিয়ে দাঁড়ালাম। পরে তিনি আমার মাথা ধরে আমাকে টেনে এনে (ইমামের) ডান পাশে দাঁড় করালেন। (বুখারী: ১১৭, ৬৯৯, ৯৯২)।

(খ) আরেকবার সফরে যাওয়ার ইচ্ছা ব্যক্ত করলে দু’জন সাহাবীকে রাসূলুল্লাহ (স.) বললেন, (সফর হালাতেও সালাতের সময় হলে তোমাদের দুজনের) একজন আযান দেবে, এরপর ইকামত দেবে। আর দু'জনের মধ্যে বয়সে যে বড় সে ইমামতি করবে।(বুখারী: ৬৩০)। এতে প্রমাণিত যে, দু'জনেও জামাত করা সুন্নাত।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12914

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন